# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
## ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh. Phone: 0371-61328
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org


Ref: প্রেস বিজ্ঞপ্তি Date: ২৮ নভেম্বর ২০০৬

## ইউপিডিএফ-এর ১ম জাতীয় কংগ্রেসঃ নির্বাচনী তফসিল প্রত্যাখ্যান

ঢাকার পুরানা পল্টনস্থ শহীদ তাজুল মিলনায়নে অনুষ্ঠিত ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর ১ম জাতীয় কংগ্রেসের দ্বিতীয় ও তৃতীয় দিনের অধিবেশনে দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

কংগ্রেসের সমাপনী অধিবেশনে আজ ২৮ নভেম্বর সর্বসম্মতিক্রমে একটি ৭ দফা রাজনৈতিক প্রস্তাব পাশ করা হয়। এগুলো হলোঃ

১. শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক পন্থায় পূর্ণস্বায়ত্তশাসনের আন্দোলন জোরদার করার লক্ষ্যে পার্বত্য চট্টগ্রামের সর্বস্তরের জনগণকে ইউপিডিএফ-এর পতাকাতলে সমবেত করার জন্য বাস্তব কর্মসূচী গ্রহণ করা হবে;

২. সেনা নির্যাতন ও ভূমি বেদখলের বিরুদ্ধে বিরাজমান তীব্র গণঅসন্তোষকে ব্যাপক আন্দোলনের রূপ দেয়া হবে এবং গ্রেফতার, হয়রানি, ধর্মীয় পরিহানি ও বৈষম্য এবং ধর্ষণসহ সকল ধরনের নারী নির্যাতনের বিরুদ্ধে গণসংগ্রাম ও প্রতিরোধ গড়ে তোলা হবে;

৩. সেনা মদদপুষ্ট উগ্রসাম্প্রদায়িক উগ্রজাতীয়তাবাদী শক্তিকে রুখতে পাহাড়ি বাঙালী নির্বিশেষে সকলকে ঐক্যবদ্ধ করার চেষ্টা চালানো হবে;

৪. জনসংহতি সমিতি কর্তৃক ভ্রাতৃঘাতি সংঘাত জারী রাখার নীতির বিরোধীতা করা হবে এবং আলাপ আলোচনার মাধ্যমে এই সংঘাত বন্ধ করে জনগণের ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে ঐক্যবদ্ধ কর্মসূচী গ্রহণের চেষ্টা অব্যাহত রাখা হবে;

৫. আগামী নবম জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করে চাপা পড়ে থাকা জনগণের মৌলিক ইস্যুগুলোকে সামনে নিয়ে আসা হবে এবং ইউপিডিএফ-এর বক্তব্য জনগণের মধ্যে ব্যাপকভাবে প্রচারের উদ্যোগ নেয়া হবে;

৬. দেশের অন্যান্য অঞ্চলে জনগণের গণতান্ত্রিক ও প্রগতিশীল সংগ্রামকে সমর্থন ও তাতে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করা হবে; এবং

৭. দেশের সমতল অঞ্চলের সংখ্যালঘু জাতিগুলোর সাথে ঐক্যবদ্ধভাবে আন্দোলন পরিচালনার জন্য একটি সাংগঠনিক কাঠামো গড়ে তোলার চেষ্টা জোরদার করা হবে।

এছাড়া দেশের চলমান সংঘাতময় রাজনৈতিক পরিস্থিতি, পার্বত্য চট্টগ্রাম পরিস্থিতি ও আসন্ন নির্বাচন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

### বর্তমান দেশীয় পরিস্থিতি সম্পর্কে

২৭ নভেম্বর তড়িঘড়ি করে নির্বাচনী তফসিল ঘোষণাকে সুগভীর ষড়যন্ত্রের অংশ হিসেবে অভিহিত

করে বলা হয়, এই ঘোষণা চলমান সংকট সমাধানের পরিবর্তে দেশের পরিস্থিতিকে আরো বেশী সংঘাতময় করে তুলবে। কংগ্রেস সর্বসম্মতিক্রমে ঘোষিত নির্বাচনী তফসিল প্রত্যাখ্যান করেছে।

কংগ্রেসে উপস্থিত প্রতিনিধিগণ মনে করেন, শাসক গোষ্ঠির রাজনৈতিক দল ও জোটগুলোর মধ্যে ক্ষমতা দখলের লড়াইয়ের সাথে সাধারণ জনগেণর স্বার্থের কোন যোগ নেই। আগামী নির্বাচনে আওয়ামী লীগ কিংবা বিএনপি যেই ক্ষমতায় আসুক না কেন তাতে দেশের জনগণের মৌলিক সমস্যার কোন সমাধান হবে না, যেমনটা অতীতে হয়নি।

সুতরাং দেশকে সংকট থেকে উদ্ধারের জন্য কংগ্রেস প্রকৃত গণতান্ত্রিক, দেশপ্রেমিক ও প্রগতিশীল শক্তিকে ছোটখাট মতপার্থক্য ভুলে গিয়ে বৃহত্তর জাতীয় ঐক্য গড়ে তোলার আহ্বান জানিয়েছে।

## নির্বাচনে অংশগ্রহণ সম্পর্কে

আসন্ন নির্বাচনে অংশগ্রহণ সম্পর্কে সর্বসম্মতিক্রমে গৃহীত রাজনৈতিক প্রস্তাবে বলা হয়, পার্বত্য চট্টগ্রামসহ সারা দেশে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনী পরিস্থিতি সৃষ্টি না হলে পার্টি নির্বাচেন অংশ নেবে না।

কংগ্রেস দেশে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন সংস্কার এবং পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে ইউপিডিএফ-এর নির্বাচন সংক্রান্ত ৭ দফা দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

## পার্বত্য চট্টগ্রাম পরিস্থিতি সম্পর্কে

কংগ্রেসে ইউপিডিএফ-এর নেতা, কর্মি, সমর্থক ও সাধারণ জনগণের ওপর অব্যহত নির্যাতন, দমন পীড়ন ও গ্রেফতারের তীব্র নিন্দা এবং আটককৃত ইউপিডিএফ সদস্য ও সমর্থকদের মুক্তি দেয়ার দাবি জানানো হয়েছে।

কংগ্রেস মনে করে তৎকালীন আওয়ামী লীগ সরকার ও জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত চুক্তির মাধ্যমে পার্বত্য চট্টগ্রামে শান্ড়ি ফিরে আসেনি বরং পরিস্থিতি আরো ভয়াবহ আকার ধারণ করেছে। প্রতিনিধিবৃন্দ পার্বত্য চট্টগ্রামে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য ইউপিডিএফ-এর পূর্ণস্বায়ত্তশাসনের দাবি মেনে নেয়ার আহ্বান জানান।

কংগ্রেস বান্দরবানসহ পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন জায়গায় সেটলার ও সেনাবাহিনী কর্তৃক জমি বেদখল ও পাহাড়ি উচ্ছেদ বন্ধের আহ্বান জানিয়েছে।

কংগ্রেস দীঘিনালার ছোট মেরুং-এ রুনা চাকমার ধর্ষণকারী ও খুনীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তিপ্রদানের দাবি জানাচ্ছে। কংগ্রেস মনে করে কল্পনা চাকমার অপহরণসহ পার্বত্য চট্টগ্রামে এ যাবত সংঘটিত নারী নির্যাতনের সাথে জড়িত সেনা সদস্য ও সেটলারদের বিরুদ্ধে কোন ধরনের শাস্ড়িমূলক ব্যবস্থা না নেয়ার কারণে পাহাড়ি নারীদের ওপর নির্যাতনের ঘটনা বেড়ে চলেছে।

## জনসংহতি সমিতির প্রতি

কংগ্রেস জনসংহতি সমিতির সশস্ত্র সদস্য কর্তৃক ইউপিডিএফ নেতা-কর্মি ও সমর্থকদের খুন, জখম

ও পার্টি অফিসে হামলার নিন্দা জানিয়েছে এবং ভ্রাতৃঘাতি সংঘাত পরিহার করে ন্যূনতম কর্মসূচীর ভিত্তিতে জাতীয় ঐক্যফ্রন্ট গঠনের প্রস্ড়াব দিয়েছে।

কংগ্রেস এই মর্মে ঐক্যমত পোষণ করে যে, জেএসএস তাদের পার্টি কংগ্রেসে ও কর্মি সম্মেলনে ইউপিডিএফ নির্মূলের যে কর্মসূচী গ্রহণ করেছে ও পত্রিকায় সাক্ষাতকারের মাধ্যমে জেএসএস প্রধান ইউপিডিএফ-এর কর্মি ও সমর্থকদের গলা টিপে হত্যা করার যে নির্দেশ প্রদান করেছেন তা অত্যন্ড় নিন্দনীয় এবং তা কেবল পার্বত্য চট্টগ্রামের জনগণের শত্রুদেরই লাভবান করবে।

## নেপাল, প্যালেস্টাইন ও ইরাক পরিস্থিতি সম্পর্কে

কংগ্রেস নেপালে স্বৈরাচারী রাজতন্ত্রের বিরুদ্ধে জনগণের ঐতিহাসিক বিজয়কে স্বাগত জানিয়েছে এবং আশা প্রকাশ করে যে, আগামী সংবিধান সভার নির্বাচনের মাধ্যমে এই হিমালয় রাজ্যে স্থায়ী শান্তি প্রতিষ্ঠিত হবে ও জনগণের বিজয়ের ধারা অব্যাহত থাকবে।

কংগ্রেস প্যালেস্টাইনী জনগণের ওপর ইসরায়েলী আগ্রাসন ও মানবাধিকার লঙ্ঘনের তীব্র নিন্দা জানিয়েছে এবং তাদের স্বাধীন রাষ্ট্র গঠনের সংগ্রামের সাথে সংহতি প্রকাশ করেছে। একই সাথে কংগ্রেস  ইরাকী জনগণের স্বাধীনতা ও গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রামের সাথেও একাত্মতা প্রকাশ করেছে।

কংগ্রেসে আজ গঠনতন্ত্র, কর্মসূচী ও দাবিনামা চূড়ান্ড়ভাবে অনুমোদন করা হবে এবং একটি নতুন পূর্ণঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে।

**নিরন চাকমা**
প্রেস সেকশন
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)